



প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)
৩ সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০



বিষয়ঃ পিআইবি'র ইনোভেশন টিমের আগস্ট ২০২০ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ ইলিয়াস ভূইয়া পরিচালক (প্রশাসন)
সভার তারিখ	১০.০৮.২০২০ খ্রি.
সভার সময়	সকাল ১১:০০
স্থান	পরিচালক (প্রশাসন)-এর দপ্তর
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

কমিটির সদস্য জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঞা জানান, তথ্য মন্ত্রণালয় থেকে প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা-২০২০-২০২১ প্রণয়নপূর্বক ১১ আগস্ট ২০২০ তারিখের মধ্যে প্রেরণের জন্য পত্র দিয়েছে।

এ প্রেক্ষিতে ২০১৯-২০ অর্থ বছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় সকল সদস্য অংশ নেন। ইনোভেশন অফিসার ও পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) জনাব মো. ইলিয়াস ভূইয়া জানান, যেহেতু গত বছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী পিআইবি'র প্রশিক্ষণে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থী নির্বাচনে পুনরাবৃত্তিরোধকল্পে প্রশিক্ষণার্থী সাংবাদিকদের জন্য ডাটাবেজ সফটওয়্যার তৈরি করা হয়েছে তাই উক্ত সফটওয়্যারের যথাযথ ব্যবহার নিশ্চিত করার জন্য সিনিয়র প্রশিক্ষক (চলতি দায়িত্ব) জনাব মোহাম্মদ আবদুল মান্নানকে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার অনুরোধ করেন। এছাড়া সভাপতি আরো জানান, গত কয়েকবছর ধরে অনলাইনে সাংবাদিকদের প্রশিক্ষণ কার্যক্রম চালু রয়েছে। কিন্তু প্রয়োজনীয় অবকাঠামো না থাকায় এ কার্যক্রম পরিচালনায় বিঘ্ন ঘটছে বলে ই-লার্নিং এর সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জানিয়েছেন। এ পরিপ্রেক্ষিতে বর্তমান অর্থবছরে “অনলাইনে সাংবাদিকদের প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় অবকাঠামো উন্নয়ন ও সম্প্রসারণ” নামে একটি ইনোভেশন উদ্যোগ নেয়া যেতে পারে। এ বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।

গবেষণা বিশেষজ্ঞ (তথ্য প্রযুক্তি) (চলতি দায়িত্ব) জনাব ড. কামরুল হক জানান, গবেষণা ও তথ্য সংরক্ষণ বিভাগের বিষয়ভিত্তিক নিউজ ক্লিপিংস ও নিউজ পেপার সংরক্ষণ আধুনিক প্রযুক্তির সহায়তায় দূত ডিজিটেলাইজেশন করা প্রয়োজন। বর্তমানে যেভাবে বিভিন্ন পত্রিকা/ম্যাগাজিন ও ক্লিপিংস এর হার্ডকপি রাখা হচ্ছে স্থান সংকুলানের কারণে তা সংরক্ষণ করা দিন দিন দুরূহ হয়ে পড়ছে। এছাড়া সংশ্লিষ্ট গ্রাহকদের সেবা প্রদান ও কষ্টকর। সময় উপযোগী ইনোভেশন উদ্যোগের মাধ্যমে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া প্রয়োজন। এ প্রেক্ষিতে সকল সদস্য আলোচনায় অংশ নেন। পরিচালক (প্রশাসন) নিউজ পেপার ও বিষয়ভিত্তিক নিউজ ক্লিপিংস সংরক্ষণ ও ব্যবস্থাপনা ডিজিটেলাইজেশন করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন। উপপরিচালক (প্রশাসন), চলতি দায়িত্ব, জনাব মো. জাকির হোসেন বিষয়ভিত্তিক নিউজ ক্লিপিংস ও নিউজ পেপার সংরক্ষণ আধুনিকায়নের বিষয়ে গবেষণা ও তথ্য সংরক্ষণ বিভাগ থেকে আলাদা প্রস্তাব দেয়ার জন্য জনাব ড. কামরুল হককে অনুরোধ জানান।


মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঞা জানান, গত অর্থবছরের ইনোভেশন কর্মপরিকল্পনা অনুযায়ী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাধ্যমে পিআইবি'র জন্য মোবাইল অ্যাপস তৈরি করা হয় নি বিধায় পরবর্তীতে পিআইবি'র অনুন্নয়ন ব্যয় থেকে বরাদ্দ দিয়ে পিআইবি'র জন্য মোবাইল অ্যাপস তৈরি করার সিদ্ধান্ত হয়। বর্তমান অর্থ বছরে ইনোভেশন উদ্যোগ হিসেবে পিআইবি'র জন্য মোবাইল অ্যাপস তৈরির বিষয়টি অন্তর্ভুক্ত করা যেতে পারে। এ বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।

বিস্তারিত আলোচনাপূর্বক “অনলাইনে সাংবাদিকদের প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় অবকাঠামো উন্নয়ন ও সম্প্রসারণ” ও

“পিআইবি’র জন্য মোবাইল অ্যাপস তৈরি” বিষয়ে দুইটি ইনোভেশন উদ্যোগসহ তথ্য মন্ত্রণালয় থেকে প্রেরিত ছক অনুযায়ী পিআইবি’র বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা-২০২০-২০২১ প্রণয়ন করা হয়।

সিদ্ধান্তঃ	১।	পিআইবি’র বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা-২০২০-২০২১ দ্রুত তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
	২।	সিনিয়র প্রশিক্ষক (চলতি দায়িত্ব) মোহাম্মদ আবদুল মান্নান পিআইবি ট্রেনিং ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (PIBTMIS) সফটওয়্যারের যথাযথ ব্যবহার নিশ্চিত করবেন।
	৩।	বিষয়ভিত্তিক নিউজ ক্লিপিংস ও নিউজ পেপার সংরক্ষণ আধুনিকায়নের বিষয়ে গবেষণা বিশেষজ্ঞ (তথ্য প্রযুক্তি) (চলতি দায়িত্ব) ড. কামরুল হক গবেষণা ও তথ্য সংরক্ষণ বিভাগের মাধ্যমে প্রস্তাব জমা দিবেন।

আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ ইলিয়াস ভূইয়া
পরিচালক (প্রশাসন)

স্মারক নম্বর: ১৫.৬২.০০০০.০০২.১৬.০০৪.২০.১৪৯

তারিখ: ৩ ভাদ্র ১৪২৭

১৮ আগস্ট ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) ড. কামরুল হক, গবেষণা বিশেষজ্ঞ (তথ্য প্রযুক্তি), চলতি দায়িত্ব, গবেষণা ও তথ্য সংরক্ষণ বিভাগ,
- ২) মোহাম্মদ আবদুল মান্নান, সিনিয়র প্রশিক্ষক, চলতি দায়িত্ব, অধ্যয়ন ও প্রশিক্ষণ বিভাগ
- ৩) উপপরিচালক (প্রশাসন) (চলতি দায়িত্ব), প্রশাসন বিভাগ, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)
- ৪) মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, অতিরিক্ত দায়িত্ব, প্রশাসন বিভাগ



মোঃ ইলিয়াস ভূইয়া
পরিচালক (প্রশাসন)